



## বাক্যের পদ পরিচয় — বিশেষ্যপদ

সঠিক উত্তরটি নির্বাচন কর ঃ-

- ১। বাংলা ব্যাকরণে 'বিশেষ্য' শব্দটি বলতে বোঝানো হয় —  
(ক) বিশেষকে (খ) বৈশিষ্ট্যকে  
(গ) বিশেষ কাজকে (ঘ) কোনটি নয়
- ২। কাশ্মীর ভারতের ভূস্বর্গ। রেখাঙ্কিত পদটি হল —  
(ক) জাতিবাচক (খ) সমষ্টিবাচক  
(গ) সংজ্ঞাবাচক (ঘ) কোনটি নয়
- ৩। দয়া, মায়া, সৌন্দর্য, ভক্তি ইত্যাদি বোঝালে হয় —  
(ক) বস্তুবাচক বিশেষ্য (খ) ক্রিয়াবাচক বিশেষ্য  
(গ) সংজ্ঞাবাচক বিশেষ্য (ঘ) গুণবাচক বিশেষ্য
- ৪। জলের গতি সবসময় নিম্নমুখী। রেখাঙ্কিত পদটি হল —  
(ক) সংজ্ঞাবাচক বিশেষ্য (খ) বস্তুবাচক বিশেষ্য  
(গ) জাতিবাচক বিশেষ্য (ঘ) কোনটি নয়
- ৫। এক পাল গরু মাঠে চরে বেড়াচ্ছে। 'এক পাল' পদটি হল —  
(ক) সমষ্টিবাচক বিশেষ্য (খ) জাতিবাচক বিশেষ্য  
(গ) গুণবাচক বিশেষ্য (ঘ) ক্রিয়াবাচক বিশেষ্য
- ৬। পবিত্র গঙ্গার জল। রেখাঙ্কিত পদটি হল —  
(ক) বস্তুবাচক বিশেষ্য (খ) সংজ্ঞাবাচক বিশেষ্য  
(গ) গুণবাচক বিশেষ্য (ঘ) কোনটি নয়
- ৭। বাঙালী ভ্রমণ পিপাসু জাতি। 'বাঙালী' শব্দটি হল —  
(ক) সমষ্টিবাচক বিশেষ্য (খ) জাতিবাচক বিশেষ্য  
(গ) সংজ্ঞাবাচক বিশেষ্য (ঘ) গুণবাচক বিশেষ্য
- ৮। ভ্রমণ বাঙালী জাতির বৈশিষ্ট্য। রেখাঙ্কিত পদটি হল —  
(ক) জাতিবাচক বিশেষ্য (খ) গুণবাচক বিশেষ্য  
(গ) ক্রিয়াবাচক বিশেষ্য (ঘ) সমষ্টিবাচক বিশেষ্য
- ৯। রামায়ণ ভারতের প্রাচীন মহাকাব্য। 'রামায়ণ' হল —  
(ক) সংজ্ঞাবাচক বিশেষ্য (খ) জাতিবাচক বিশেষ্য  
(গ) বস্তুবাচক বিশেষ্য (ঘ) কোনটি নয়
- ১০। যে বিশেষ্য দ্বারা কোন ভাব বা অবস্থার নাম বোঝায়, তাকে বলে —  
(ক) বস্তুবাচক বিশেষ্য (খ) অবস্থাবাচক বিশেষ্য  
(গ) জাতিবাচক বিশেষ্য (ঘ) গুণবাচক বিশেষ্য

- ১১। ক্রিয়াবাচক বিশেষ্যগুলো সবসময় কোন্ বচন হয় ?  
(ক) বহুবচন (খ) দ্বিবচন  
(গ) একবচন (ঘ) কোনটি নয়
- ১২। বাংলার গ্রামাঞ্চলে বেশিরভাগ মানুষেরই মাটির ঘর রয়েছে। 'মাটির' শব্দটির হল —  
(ক) সমষ্টিবাচক বিশেষ্য (খ) গুণবাচক বিশেষ্য  
(গ) জাতিবাচক বিশেষ্য (ঘ) বস্তুবাচক বিশেষ্য
- ১৩। অজানা ভাইরাসের সংক্রমণে সমগ্র মানব সমাজ আজ বিপন্ন। রেখাঙ্কিত পদটি হল —  
(ক) সমষ্টিবাচক বিশেষ্য (খ) বস্তুবাচক বিশেষ্য  
(গ) গুণবাচক বিশেষ্য (ঘ) কোনটি নয়
- ১৪। বিদ্যাসাগর মহাশয়ের মায়ের প্রতি ভক্তি ছিল অপরিসীম। 'ভক্তি' শব্দটি হল —  
(ক) ক্রিয়াবাচক বিশেষ্য (খ) বস্তুবাচক বিশেষ্য  
(গ) গুণবাচক বিশেষ্য (ঘ) নামবাচক বিশেষ্য
- ১৫। আমাদের শৈশবকাল বড়ই সুখের কাল। 'শৈশব' শব্দটি হল —  
(ক) গুণবাচক বিশেষ্য (খ) অবস্থাবাচক বিশেষ্য  
(গ) বস্তুবাচক বিশেষ্য (ঘ) ক্রিয়াবাচক বিশেষ্য

Amit Kundu

\*\*\*\*\*